



ঐশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক  
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়  
রেজিস্ট্রার দপ্তর

RUET Rajshahi-6204, Telephone: 02588866798, Fax: 02588866995, Email: registrar@ruet.ac.bd, Website: www.ruet.ac.bd

স্মারক নং-রুয়েট/এপিএ/২০২৩-২০২৪/৭৯৩

তারিখঃ ২৬ ভাদ্র ১৪৩০।  
১০ সেপ্টেম্বর ২০২৩।

**অফিস আদেশ**

জাতীয় শূদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সরকারি কর্মব্যবস্থাপনা পদ্ধতির আওতায় মন্ত্রিপরিষদ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী অত্র বিশ্ববিদ্যালয়ের তথ্য অধিকার/Right to Information (RTI) সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ২১ নভেম্বর, ২০২২ তারিখের স্মারক নং-রুয়েট/এপিএ/২০২২-২০২৩/১৯৩০ এর মাধ্যমে গঠিত তথ্য অধিকার বাস্তবায়ন ও পরিবীক্ষণ সংক্রান্ত কমিটি নিম্নোক্তরূপে পুনঃগঠন করা হলো।

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)


(১)	ডাইস-চ্যাম্বেলর	রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়	সভাপতি
(২)	রেজিস্ট্রার	রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়	কো-অর্ডিনেটর
(৩)	প্রফেসর ড. মো আল মামুন	অধ্যাপক, সিএসই বিভাগ	সদস্য
(৪)	জনাব মো. মুস্তাফা হোসেন	সিনিয়র সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)	সদস্য
(৫)	জনাব মো. আনোয়ার হোসেন	সেকশন অফিসার, সংস্থাপন ও প্রশাসন শাখা	সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট
(৬)	জনাব আ.ফ.ম. মাহমুদুর রহমান	সেকশন অফিসার, জনসংযোগ দপ্তর	সদস্য ও বিকল্প ফোকাল পয়েন্ট

২। কমিটির কার্যপরিধিঃ

- রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ/দপ্তরে তথ্য অধিকার সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়ন;
- তথ্য অধিকার আইন এবং এ সংক্রান্ত বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ;
- তথ্য অধিকার এবং তথ্য প্রকাশকারী এবং যাচাইকারীর সুরক্ষা সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;
- তথ্য অধিকার বিষয়ক জাতীয় ও আঞ্চলিক দিবস উদযাপন এবং তথ্য অধিকার সংক্রান্ত প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ;
- অত্র বিশ্ববিদ্যালয়ে তথ্য অধিকার আইন বাস্তবায়নের সংশ্লিষ্ট বিভিন্ন বিভাগ/দপ্তরের কার্যক্রম সমন্বয়;
- অত্র বিশ্ববিদ্যালয়ে তথ্য অধিকার বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন উর্ধ্বতন অফিসে প্রেরণ;
- অত্র বিশ্ববিদ্যালয়ের APA টিমের সাথে কমিটির মাসিক/ত্রৈমাসিক/সম্মানসিক/বাৎসরিক সম্পাদিত কার্যক্রমের সমন্বয়সাধন; এবং
- এপিএ নির্দেশিকা ও ক্যালেন্ডার অনুযায়ী সংশ্লিষ্ট সকল কাজ যথাযথভাবে সম্পাদন।

৩। উপরোক্ত কমিটিকে কার্যপরিধিতে উল্লেখিত কার্যক্রমসমূহ বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

ডাইস-চ্যাম্বেলর মহোদয়ের অনুমোদনক্রমে,

  
(আরিফ আহম্মদ চৌধুরী)  
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)


রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-রুয়েট/এপিএ/২০২৩-২০২৪/৭৯৩/(৪)

তারিখঃ ২৬ ভাদ্র ১৪৩০।  
১০ সেপ্টেম্বর ২০২৩।

অনুলিপিঃ সদস্য অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রদান করা হলো-

- সম্মানিত সভাপতি ও সকল সদস্য, তথ্য অধিকার বাস্তবায়ন ও পরিবীক্ষণ সংক্রান্ত কমিটি, অত্র বিশ্ববিদ্যালয়।
- সংস্থাপন ও প্রশাসন শাখা, অত্র বিশ্ববিদ্যালয় (ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য)।
- পি.এস-টু ডাইস-চ্যাম্বেলর, অত্র বিশ্ববিদ্যালয়।
- অফিস কপি/নথি।

  
(শেখ মো. ফরুহুল আরেফিন)  
অতিরিক্ত পরিচালক (অর্থ ও হিসাব) এবং  
ফোকাল পয়েন্ট, এপিএ টিম, রুয়েট